Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

০৩ মাঘ ১৪৩১ | 17 January 2025

## Dhaka Tribune

# DU to meet stakeholders, students over Ducsu polls

**Tribune Desk**

Dhaka University (DU) will finalize the Ducsu electoral code of conduct through discussions with stakeholders.

To finalize the matter, the university administration will hold a meeting on February 4 with general students, active student organizations and stakeholders.

The decision was made during the first meeting of the committee formed for this purpose, chaired by Professor Dr Mamun Ahmed, DU Pro-Vice-Chancellor (Education), yesterday.

According to a press release issued by the Public Relations Office of DU, to make the Ducsu electoral code of conduct more relevant to the times, discussions will be held starting February 4 with general students, all active student organizations on campus and other election-related stakeholders to gather their opinions. ●

## ইত্তেফাক

# ডাকসু নির্বাচন বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করবে ঢাবি প্রশাসন

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনকে স্বচ্ছ ও গ্রহণযোগ্য করার লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে আলোচনা করে নির্বাচনি আচরণবিধি চূড়ান্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিটির প্রথম সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় জানানো হয়, আচরণবিধি সময়োপযোগী করার জন্য আগামী ৪ ফেব্রুয়ারি থেকে সাধারণ শিক্ষার্থী, ক্যাম্পাসে সক্রিয় বিভিন্ন ছাত্র সংগঠনসহ সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে মতবিনিময় করা হবে।

### 'স্টুডেন্ট ফর সভারেন্টি' ঢাবির কোনো সংগঠন নয়

এনসিটিবির সামনে আন্দোলনরত ক্ষুদ্র জাতিগোষ্ঠী শিক্ষার্থীদের ওপর হামলার নিন্দা জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। একই সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছে, এই হামলায় অভিযুক্ত 'স্টুডেন্ট ফর সভারেন্টি' ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোনো সংগঠন নয় এবং এর সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোনো সম্পৃক্ততা নেই। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিস থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, শিক্ষার্থীদের হামলার সঙ্গে যারা জড়িত, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

## কালের কণ্ঠ

# আলোচনা করে ডাকসু নির্বাচনী আচরণবিধি চূড়ান্ত করা হবে

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচন স্বচ্ছ ও গ্রহণযোগ্য করার লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে আলোচনা করে নির্বাচনী আচরণবিধি চূড়ান্ত করা হবে। এ লক্ষ্যে গঠিত কমিটির আহ্বায়ক বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) মামুন আহমেদের সভাপতিত্বে গতকাল বৃহস্পতিবার কমিটির প্রথম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ডাকসু নির্বাচনী আচরণবিধি সময়োপযোগী করার লক্ষ্যে আগামী ৪ ফেব্রুয়ারি থেকে সাধারণ শিক্ষার্থী, ক্যাম্পাসে ক্রিয়াশীল সব ছাত্রসংগঠনসহ বিভিন্ন পর্যায়ে নির্বাচন সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে আলোচনা করে তাদের মতামত নেওয়া হবে।

## যুগান্তর




ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৃহস্পতিবার অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরীর 'নৃবিজ্ঞানের তত্ত্ব ও মতবাদ' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করছেন ঢাবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদসহ অতিথিরা যুগান্তর

'নৃবিজ্ঞানের তত্ত্ব ও মতবাদ'

### ড. আনোয়ার উল্লাহর গ্রন্থের মোড়ক উন্মোচন

ঢাবি প্রতিনিধি

অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী রচিত 'নৃবিজ্ঞানের তত্ত্ব ও মতবাদ' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়েছে। বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুজাফফর আহমদ চৌধুরী অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে এই মোড়ক উন্মোচন করা হয়।

অনুষ্ঠানে নৃবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রাফিউল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রাশেদা ইশরাদ নাসির এবং প্রধান অতিথি ছিলেন ঢাবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।

অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী বলেন, আমাদের বাংলা ভাষায় গ্রন্থ রচনার প্রয়োজন। তবু আমরা বাংলা ভাষায় গ্রন্থ রচনা করতে পারিনি এবং আমাদের অনুবাদ সাহিত্যও সীমিত। বাংলা সাহিত্যে বই রচনার অন্যতম কারণ ইংরেজি ভাষায় বই পড়ে সঠিক জ্ঞান আহরণ করা যায় না।

অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, তার শিক্ষার ওপর লেখা আছে। মুক্তিযুদ্ধ নিয়ে তার স্মৃতিচারণ পড়ে তাকে উপলব্ধি করার চেষ্টা করেছি।

## বর্তমান



### ঢাবি'র সাবেক উপাচার্য অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী রচিত গ্রন্থের মোড়ক উন্মোচন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং নৃবিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী রচিত 'নৃবিজ্ঞানের তত্ত্ব ও মতবাদ' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়েছে। এ উপলক্ষ্যে বৃহস্পতিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের উদ্যোগে এই মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

নৃবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রাফিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসির বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, গ্রন্থ রচনার প্রেক্ষাপট তুলে ধরে বক্তব্য রাখেন গ্রন্থের রচয়িতা অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী। নৃবিজ্ঞান বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ লেখকের বর্ণাঢ্য জীবনের উপর আলোকপাত করে বক্তব্য দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী একজন মুক্তিযোদ্ধা ও রাজনৈতিক সচেতন ব্যক্তি। তিনি নানা গুণে গুণান্বিত একজন শিক্ষক ও গবেষক। তাঁর লেখার মধ্যে যেমন সৃজনশীলতা রয়েছে, তেমনি রয়েছে বহুমাত্রিকতা। তিনি বলেন, বাংলা ভাষায় রচিত অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরীর এই বই দেশের উচ্চশিক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং নৃবিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী একজন বিশিষ্ট শিক্ষাবিদ, মানব-বিজ্ঞানী ও লেখক। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সুদীর্ঘ ৪২ বছর শিক্ষকতার পাশাপাশি তিনি রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সফলতার সঙ্গে দায়িত্বপালন করেন। তিনি অসংখ্য গবেষণা প্রবন্ধসহ প্রায় ২৪টি গ্রন্থ রচনা করেছেন।

## নয়া দিগন্ত

### অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী রচিত গ্রন্থের মোড়ক উন্মোচন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি এবং নৃবিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী রচিত 'নৃবিজ্ঞানের তত্ত্ব ও মতবাদ' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়েছে। এ উপলক্ষে গতকাল অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের উদ্যোগে এ মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

নৃবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: রাফিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসির বিশেষ অতিথির বক্তব্য দেন। এ ছাড়া গ্রন্থরচনার ■ ৪র্থ পৃ: ২-এর কলামে



অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী রচিত 'নৃবিজ্ঞানের তত্ত্ব ও মতবাদ' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অতিথিরা

### অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী রচিত গ্রন্থের

৩য় পৃষ্ঠার পর

প্রেক্ষাপট তুলে ধরে বক্তব্য দেন গ্রন্থ-রচয়িতা অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী। নৃবিজ্ঞান বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষকরা লেখকের বর্ণাঢ্য জীবন নিয়ে আলোকপাত করে বক্তব্য রাখেন।

অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী একজন মুক্তিযোদ্ধা ও রাজনৈতিক সচেতন ব্যক্তি। তিনি নানা গুণে গুণান্বিত শিক্ষক ও গবেষক। তার লেখার মধ্যে যেমন সৃজনশীলতা রয়েছে, তেমনি রয়েছে বহুমাত্রিকতা। তিনি বলেন, বাংলা ভাষায় রচিত-অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরীর এ বই দেশের উচ্চশিক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি এবং নৃবিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী একজন বিশিষ্ট শিক্ষাবিদ, মানববিজ্ঞানী ও লেখক। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সুদীর্ঘ ৪২ বছর শিক্ষকতার পাশাপাশি তিনি রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সফলতার সাথে দায়িত্ব পালন করেন। তিনি অসংখ্য গবেষণা প্রবন্ধসহ ২৪টি গ্রন্থরচনা করেছেন।

অনন্যা প্রকাশনী গ্রন্থটি প্রকাশ করেছে। চারটি অধ্যায়ে রচিত গ্রন্থটিতে বিবর্তনবাদী মতবাদ, ব্যাপ্তিবাদী মতবাদ, ক্রিয়াবাদী মতবাদ এবং সংস্কৃতি ও ব্যক্তিত্ব মতবাদ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। বিজ্ঞপ্তি।

**অংশীজনের সাথে আলোচনা করে ডাকসু নির্বাচনের আচরণবিধি চূড়ান্ত হবে**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন স্বচ্ছ ও গ্রহণযোগ্য করার লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনের সাথে আলোচনা করে নির্বাচনী আচরণবিধি চূড়ান্ত করা হবে। এ লক্ষ্যে গঠিত কমিটির আহ্বায়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সভাপতিত্বে গতকাল কমিটির প্রথম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

ডাকসু নির্বাচনী আচরণবিধি সময়োপযোগী করার লক্ষ্যে আগামী ৪ ফেব্রুয়ারি থেকে সাধারণ শিক্ষার্থী, ক্যাম্পাসে ক্রিয়াশীল সব ছাত্র সংগঠনসহ বিভিন্ন পর্যায়ে নির্বাচনসংশ্লিষ্ট অংশীজনদের সাথে আলোচনা করে তাদের মতামত নেয়া হবে। বিজ্ঞপ্তি।

## The Daily Observer

### 'Book Fair impossible' if any rally held at Suhrawardy: Bangla Academy DG

The Amar Ekushey Book Fair management committee believes it is "impossible to hold the book fair on time" if there are any rallies at the Suhrawardy Udyan prior to the event.

Mohammad Azam, director general of Bangla Academy and chairman of the committee, wrote a letter to the Ministry of Cultural Affairs requesting special consideration of the matter.

The "Youth Convention" of Islami Jubo Andolan, the youth wing of Islami Andolan Bangladesh, is scheduled to be held at the Engineers Institute side of Suhrawardy Udyan on Friday.

On Monday night, bdnews24.com published a report on the suspension of book fair work for four days due to the conference.

The report stated that a group of people representing the Islami Jubo Andolan came to the venue where the preparations for the fair were under way and asked the workers to stop their work on Monday evening, citing the approval for using the area for the convention.

The fair management committee reported the matter to the Public Works Department.

The director general of Bangla Academy, however, wrote to the ministry on Thursday as no decision was made in this regard as of the morning.

In the letter, Azam said: "Bangla Academy has received an allotment of the Suhrawardy Udyan from Jan 1 to Mar 3, 2025, to organise the Amar Ekushey Book Fair. Preparations for the fair, especially the construction of stalls, have been partially completed."

"Several sources said the Public Works Department had given permission to hold other rallies and activities at Suhrawardy Udyan at the same time. It is impossible to hold the book fair if there is another rally in the area at the same time."

Chief Advisor Muhammad Yunus is scheduled to inaugurate the Amar Ekushey Book Fair 2025 this year. In this context, the academy's DG look at the matter and cancel any permissions for other rallies.

Asked whether the conference will be held at Suhrawardy Udyan on Friday, Shahidul Islam Kabir, central co-promotion and Da?wah affairs secretary of Islami Andolan Bangladesh, told bdnews24.com: "We have been preparing for the conference for two months. We are planning to launch the conference after Friday Jummah prayers."

However, a Public Works Department official told bdnews24.com: "Discussions have been held about holding the conference elsewhere. It may not be held at Suhrawardy Udyan on Friday."

Cultural Affairs Secretary Md Mofidur Rahman could not be reached for comment.

## আমাদের সময়

# ব্যথা নিরাময়ে বিনামূল্যে সেবা দেবে ঢাবি

ঢাবি প্রতিবেদক ●

নিজস্ব প্রযুক্তি ব্যবহার করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বায়োমেডিক্যাল ফিজিক্স অ্যান্ড টেকনোলজি বিভাগ হাত-পায়ের অতিরিক্ত ঘাম ও ব্যথা নিরাময়ে বিনামূল্যে সেবাপ্রদান করবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ দেশের সাধারণ মানুষ এই সেবা গ্রহণ করতে পারবে।

আগামী ১৯ জানুয়ারি থেকে ১৫ দিনব্যাপী এই সেবাপ্রদান কার্যক্রম চলবে। বিনামূল্যে সেবা পেতে আগ্রহীরা বিভাগের www.bmpt.du.ac.bd ওয়েবসাইটে গুগল ফর্ম পূরণ করে নিবন্ধনের মাধ্যমে এই সেবা গ্রহণ করতে পারবেন।

উল্লেখ্য, বায়োমেডিক্যাল ফিজিক্স অ্যান্ড টেকনোলজি বিভাগের শিক্ষক ও সাবেক শিক্ষার্থীদের প্রতিষ্ঠিত 'বাইবিট' নামে একটি মালিকবিহীন সামাজিক প্রতিষ্ঠান কয়েক বছর ধরে এ সংক্রান্ত সেবাপ্রদান করে আসছে। হাত-পায়ের অতিরিক্ত ঘাম ও ব্যথা নিরাময়ে উন্নত বিশ্বে ব্যবহৃত প্রযুক্তির স্থানীয়ভাবে উন্নয়ন ঘটিয়ে বিভাগটি এই সেবাপ্রদান করে যাচ্ছে। এই সেবা গ্রহণ করে অনেক ভুক্তভোগী স্বাভাবিক জীবনযাপন করছেন।

## ভোরের কাগজ

# ঢাবিতে ১৯ জানুয়ারি থেকে ব্যথা নিরাময়ে বিনামূল্যে সেবা

নিজস্ব প্রযুক্তি ব্যবহার করে ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিকেল ফিজিক্স অ্যান্ড টেকনোলজি বিভাগ হাত-পায়ের অতিরিক্ত ঘাম ও ব্যথা নিরাময়ে বিনামূল্যে সেবা প্রদান করবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ দেশের সাধারণ মানুষ এই সেবা নিতে পারবেন। আগামী ১৯ জানুয়ারি থেকে ১৫-দিনব্যাপী এই সেবা কার্যক্রম চলবে। বিনামূল্যে সেবা পেতে আগ্রহীরা বিভাগের www.bmpt.du.ac.bd ওয়েবসাইটে গুগল ফর্ম পূরণ করে নিবন্ধনের মাধ্যমে এই সেবা নিতে পারবেন। বিজ্ঞপ্তি

উল্লেখ্য, বায়োমেডিকেল ফিজিক্স অ্যান্ড টেকনোলজি বিভাগের শিক্ষক ও প্রাক্তন ছাত্রদের প্রতিষ্ঠিত 'বাইবিট' নামে একটি সামাজিক প্রতিষ্ঠান কয়েক বছর ধরে এ সংক্রান্ত সেবা দিয়ে আসছে। হাত-পায়ের অতিরিক্ত ঘাম ও ব্যথা নিরাময়ে উন্নত বিশ্বে ব্যবহৃত প্রযুক্তির স্থানীয়ভাবে উন্নয়ন ঘটিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিকেল ফিজিক্স অ্যান্ড টেকনোলজি বিভাগ এই সেবা দিয়ে যাচ্ছে। সেবা নিয়ে অনেক ভুক্তভোগী স্বাভাবিক জীবনযাপন করছেন।